দৈনিক ইনকিলাব

তারিখ 04 APR 2008
পৃষ্ঠা ১২ কলাম ৩

## এসএসসি ও দাখিল পরীক্ষার চতুর্থ দিন

# বহিষ্কার ৪১ পরীক্ষার্থী ও ৩ শিক্ষক ২৪০৮ জন অনুপস্থিত

**স্টাফ রিপোর্টার**

সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার চতুর্থ দিনে গতকাল (বৃহস্পতিবার) অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৪১ পরীক্ষার্থী এবং ৩ জন শিক্ষক। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১৫ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইসলামের ইতিহাস পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১৩ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আত্মকর্মসংস্থান ও ব্যবসায়ী উদ্যোগ পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১৩ জন পরীক্ষার্থী। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী, গতকাল নয়টি বোর্ডে চতুর্থ দিনে ২ হাজার ৪০৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ৭টি সাধারণ পৃঃ ১৮ কঃ ১৮

### বহিষ্কার ৪১ পরীক্ষার্থী ১২-এর পৃষ্ঠার পর

শিক্ষা বোর্ডে ১ হাজার ৪০ জন, মাদ্রাসা বোর্ডে ৬১৫ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরীক্ষায় ৬৫৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। তবে ঢাকা বোর্ডে ১ জন শিক্ষক এবং কারিগরি বোর্ডের অধীন পরীক্ষায় ২ জন শিক্ষক বহিষ্কারের খবর পাওয়া গেছে। সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৪২৯ জন, রাজশাহীতে ১৪২ জন, যশোরে ২০৪ জন, বরিশালে ১১৬ জন, সিলেটে ৯২ জন, কুমিল্লায় ৭৯ জন এবং চট্টগ্রামে ৭৮ জন। বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ২ জন, রাজশাহীতে ৫ জন, বরিশালে ২ জন এবং যশোরে ৬ জন।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর দেশের সাতটি শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মাদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন, দাখিলে ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন এবং কারিগরি বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫। ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৪২৯ জন।

আমাদের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত চতুর্থ দিনের বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৭৮ জন।

বরিশাল ব্যুরো অফিস জানায়, বোর্ডে গতকাল এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ২ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ১১৬ জন।

সিলেট ব্যুরো জানায়, সিলেট বোর্ডে গতকাল কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৯২ জন। রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার চতুর্থ দিনে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ১৪২ জন। যশোর ব্যুরো অফিস জানায়, যশোর বোর্ডে গতকাল ৬ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এ বোর্ডে অনুপস্থিত ছিল ২০৪ জন।

কুমিল্লা অফিস জানায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত চতুর্থ দিনের বাংলা পরীক্ষায় কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। এছাড়া অনুপস্থিত ছিল ৭৯ জন।

পটুয়াখালী সংবাদদাতা জানান, পটুয়াখালীর দুমকিতে এসএসসি পরীক্ষা কেন্দ্রে একজন পরীক্ষার্থীর বদলে প্রক্সি পরীক্ষা দেয়ার অভিযোগে তানিয়া নামের একজনকে গ্রেফতার হয়েছে। এই অপরাধে তাৎক্ষণিক বিচারে তাকে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ১৫ দিনের কারাদণ্ড দেয়া হয়েছে।

গতকাল উপজেলার দুমকি নাজিমা কেরামত আলী বালিকা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের ২০ নং কক্ষে পাঙ্গাশিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী মনিরা বেগম (পিতা আবুল বাসার), রোল ২০১০৪২ এর পরিবর্তে তানিয়া বেগম (পিতা মোঃ হাফিজুর রহমান) পরীক্ষার দ্বিতীয় ঘণ্টায় হাতে নাতে ধরা পড়ে। দুমকি উপজেলা নির্বাহী কর্মকর্তা সনময় চক্রবর্তী পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে ম্যাজিস্ট্রেসি ক্ষমতাবলে এ অপরাধের তাৎক্ষণিক বিচারে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ১৫ দিনের জেলহাজতের নির্দেশ দিয়ে পুলিশে সোপর্দ করেন।